



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি কলেজ-৬ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭০.৪৯.০০১.১৮.৮৫

তারিখ: ২১ ফাল্গুন ১৪২৮

০৬ মার্চ ২০২২

বিষয়: ময়মনসিংহ জেলার ফুলবাড়ীয়া উপজেলাধীন 'আলাপসিংহ কলেজ' স্থাপনের অনুমতি প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে পরিপ্রেক্ষিতে ময়মনসিংহ জেলার ফুলবাড়ীয়া উপজেলাধীন 'আলাপসিংহ কলেজ' স্থাপনের বিষয়ে সরেজমিনে পরিদর্শন করে নির্ধারিত ছকে নিয়োক্ত তথ্যসহ সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- ১) আবেদনকৃত কলেজসহ উক্ত উপজেলায় যে সমস্ত কলেজ আছে তাদের অবস্থান ও দূরত্ব সুনির্দিষ্ট করে স্কেচ ম্যাপ প্রেরণ (আবেদনকৃত কলেজের অবস্থান রঙিন কালিতে এবং অন্যান্য কলেজের অবস্থান ভিন্ন রঙের কালিতে নির্দেশ করে স্কেচ ম্যাপ প্রেরণ করতে হবে);
- ২) উপজেলার প্রত্যেক হাই স্কুলের গত তিন বছরের এসএসসি পাসের শিক্ষার্থী সংখ্যা প্রেরণ;
- ৩) আবেদনকৃত কলেজটি স্থাপিত হলে অন্যান্য কলেজে শিক্ষার্থী ভর্তির সংখ্যা উল্লেখপূর্বক শিক্ষার্থী ভর্তিতে কী প্রভাব পড়বে তা সুস্পষ্টভাবে উল্লেখ;
- ৪) সংশ্লিষ্ট উপজেলায় কারিগরি স্কুল ও কলেজের সংখ্যার তথ্য প্রেরণ; এবং
- ৫) সংশ্লিষ্ট উপজেলায় নতুন কলেজ স্থাপনে জনসংখ্যা অনুযায়ী প্রাপ্যতা আছে কিনা তার সুস্পষ্ট মতামত প্রেরণ।

সংযুক্ত: বর্ণনামতে।

৯-৩-২০২২

মোহাম্মদ আবু নাসের বেগ
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ৯৫৭৭৪২৫

ফ্যাক্স: ৯৫১৪১১৪

ইমেইল: info@moedu.gov.bd

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭০.৪৯.০০১.১৮.৮৫/১(৩)

তারিখ: ২১ ফাল্গুন ১৪২৮

০৬ মার্চ ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) যুগ্মসচিব, কলেজ-২ অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

৩) ব্যক্তিগত কর্মকর্তা, কলেজ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



৯-৩-২০২২

মোহাম্মদ আবু নাসের বেগ
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)